সংবাদ

তারিখ 06 SEP 2017
পৃষ্ঠা ১০ কলাম ১

# চাঁপাইয়ে বিদ্যালয়ে নিয়োগ স্থগিত : চুপিসারে পরীক্ষা!

জেলা বার্তা পরিবেশক, চাঁপাইনবাবগঞ্জ

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার একটি উচ্চ বিদ্যালয়ে নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগ পরীক্ষা স্থগিত করার পরও চুপিসারে নিয়োগ পরীক্ষা নেয়ার অভিযোগ পাওয়া গেছে। লিখিত অভিযোগে প্রকাশ, জেলার শিবগঞ্জ উপজেলার দুর্লভপুর ইউনিয়নের বালুটঙ্গী উচ্চ বিদ্যালয়ে নিম্মান সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগে দরখাস্ড় আহ্বান করা হয়। এ পদে ১৮জন প্রার্থী আবেদন করেন এবং ২৮ আগস্ট এ পদে পরীক্ষা নেয়ার আগ মুহূর্তে অনিবার্যকারণ দেখিয়ে পরীক্ষা স্থগিত করেন প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মো. সাইফুর রহমান। কিন্তু বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ জাহিদুজ্জামান এর ভাই মোঃ মিজানুজ্জামানকে উক্ত পদে নিয়োগের জন্য প্রধান শিক্ষক পরের দিন চুপিসারে সকল পরীক্ষার্থীকে না জানিয়ে এ নিয়োগ পরীক্ষা নেয়। ফলে ১৮জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ৭ জন পরীক্ষার্থী অংশ নেয়। নিয়োগ পরীক্ষা থেকে বঞ্চিত মনোয়ার হোসেন জানান, ২৮ তারিখের নিয়োগ পরীক্ষা স্থগিত করার পরও তড়িঘড়ি করে অল্প সময়ের মধ্যে অন্যান্য পরীক্ষার্থীদের না জানিয়ে এ নিয়োগ পরীক্ষা নেয়া একরকম অনিয়ম ও দুর্নীতির জন্য করা হয়েছে। এমনকি মোবাইল ফোনেও তাদেরকে পরীক্ষা নেয়ার বিষয়টি জানানো হয়নি। তিনি এ পরীক্ষা বাতিলের দাবী করেন। নিয়োগ পরীক্ষায় অংশ নেয়া মোঃ মিজানুজ্জামান জানান, সে পরীক্ষায় অংশগ্রহণ করেছিল এবং মাত্র কয়েকজন অংশ নেয়। এব্যাপারে বালুটঙ্গী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মো. সাইফুর রহমান জানান, পরীক্ষা স্থগিত করা হয়নি। নিয়মানুযায়ী পরীক্ষা নেয়া হয়েছে। তবে, কে বা কারা আমার স্বাক্ষর জাল করে এ পরীক্ষা স্থগিতের নোটিশ দিয়েছিল। এদিকে, জেলা শিক্ষা অফিসার আব্দুল লতিফ জানান, ডিজির মনোনীত প্রতিনিধি ও নিয়োগ বোর্ডের সদস্য সচিব হরিমোহন সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমাকে জানান পরীক্ষা নিতে পারেননি। উলেখ্য, বালুটঙ্গী উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ জাহিদুজ্জামান এর ভাই মোঃ মিজানুজ্জামানকে এ পদে নিয়োগ দেয়ার জন্য ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষককে নাকি উৎকোচ হিসেবে মটরসাইকেল দেয়ার অভিযোগ রয়েছে।